

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৪০.১৬- ০৬

তারিখঃ ২/১/২০১৭ খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ বুলবুল বাশার, প্রশিক্ষক(স্টেনো-টাইপিং) যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ গত ১৪-০৭-২০১০ খ্রিঃ হতে অদ্যাবধি(২৮-১২-২০১৬ খ্রিঃ পর্যন্ত) অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; তার অনুপস্থিতির বিষয়টি প্রাথমিক তদন্তে প্রমানিত হয়েছে;

যেহেতু, বাংলাদেশ সার্ভিস রুলস(বি,এস,আর) পাট-১ এর ৩৪ বিধি মতে একজন সরকারী কর্মচারী ছুটিসহ অথবা ছুটি ব্যতিত এক নাগাড়ে ০৫(পাঁচ) বছর কর্তব্য(ডিউটি) হতে অনুপস্থিত থাকলে স্বয়ংক্রিয়ভাবে চাকরির অবসান হয়;


যেহেতু, জনাব বুলবুল বাশার এক নাগাড়ে ০৬ বছর ০৫ মাস ১৫ দিন অর্থাৎ ০৫(পাঁচ) বছরের অধিক সময় অননুমোদিতভাবে কর্তব্যে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তার এক নাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিতির কারণে কেন স্বয়ংক্রিয়ভাবে চাকরির অবসান হবে না তার ব্যাখ্যা প্রদানের জন্য সর্বশেষ সুযোগ হিসেবে গত ১০-১১-২০১৬ খ্রিঃ তারিখে তার অফিস এবং স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হয় এবং পত্রটি অত্র দপ্তরের ওয়েব সাইটেও প্রকাশ করা হয়। তথাপিও তিনি উক্ত পত্রের জবাব প্রদান থেকে বিরত রয়েছেন এবং কর্মে যোগদান করেননি; এমনকি কোনরূপ যোগাযোগও রক্ষা করেননি। অপরদিকে, তার স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি ডাক বিভাগ হতে “প্রাপককে খুঁজিয়া পাওয়া যায়নি তাই ফেরত দেওয়া হইল” মর্মে ফেরত আসে; এতে প্রতীয়মান হয় চাকরির প্রতি তার কোন আগ্রহ নেই;

যেহেতু, তিনি এক নাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিক সময় কর্তব্য হতে অনুপস্থিত থাকায় বাংলাদেশ সার্ভিস রুলস(বি,এস,আর) পাট-১ এর ৩৪ বিধি মতে স্বয়ংক্রিয়ভাবে তার চাকরির অবসান হয়েছে;

এক্ষণে, সেহেতু বাংলাদেশ সার্ভিস রুলস(বি,এস,আর) পাট-১ এর ৩৪ বিধি মোতাবেক জনাব মোঃ বুলবুল বাশার, প্রশিক্ষক(স্টেনো-টাইপিং) যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ-এর চাকরি গত ১৪-০৭-২০১০ খ্রিঃ থেকে স্বয়ংক্রিয়ভাবে অবসান হয়েছে মর্মে গণ্য করা হলো।


এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখঃ ২/১/২০১৭ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৪০.১৬- ০৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। পরিচালক------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ।
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ০৮। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মুন্সিগঞ্জ। আদেশটি(জনাব মোঃ বুলবুল বাশার, পিতা-জনাব মোঃ মোছলেম উদ্দিন মুন্সী, গ্রাম-চন্ডিমন্ডপ, পোঃ-চেচুয়াবাজার, উপজেলা-মুন্সিগঞ্জ, জেলা-ময়মনসিংহ) এ ঠিকানায় বিলিপূর্বক সার্ভিস রিটার্ন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ১০। জনাব মোঃ বুলবুল বাশার প্রশিক্ষক(স্টেনো-টাইপিং) যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ;
- ১১। জনাব মোঃ বুলবুল বাশার, পিতা-জনাব মোঃ মোছলেম উদ্দিন মুন্সী, গ্রাম-চন্ডিমন্ডপ, পোঃ-চেচুয়াবাজার, উপজেলা-মুন্সিগঞ্জ, জেলা-ময়মনসিংহ।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৩। অফিস কপি।


(নূর মোহাম্মদ)
সহকারী পরিচালক(প্রশাসন)
ফোন : ৯৫৬৭৭৭৩